# র‍্যাংকিংয়ে শীর্ষে গোবিপ্রবির ফার্মেসি বিভাগ



প্রতিনিধি, গোবিপ্রবি

গবেষণায় অসাধারণ সাফল্য অর্জন করেছে গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (গোবিপ্রবি) ফার্মেসি বিভাগ। আন্তর্জাতিক গবেষণা মূল্যায়ন প্লাটফর্ম ScholarGPS® এর ২০২৩ সালের বিশ্লেষণ অনুযায়ী, বিভাগটি গোবিপ্রবির শীর্ষ বিষয় (এঃড়ঢ় ঝঁনলবপঃ) হিসেবে স্বীকৃতি পেয়েছে। এদিকে বিশ্বের সেরা গবেষকদের তালিকায় একই বিভাগের শিক্ষক, ঝপযড়ষধৎএচঝ এর তথ্যানুসারে বিশ্বের শীর্ষ ১.২২ শতাংশ গবেষকদের তালিকায় স্থান পেয়েছে ফার্মেসি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ তরিকুল ইসলাম, চযধৎসধপু অহফ Pharmaceuticals science বিষয়ক গবেষণা ক্ষেত্রে গবেষণা করে এই সাফল্য অর্জন করেন তিনি। বিশ্ব গবেষণা মানচিত্রে গোবিপ্রবির অবস্থানও এ সময় উল্লেখযোগ্য উন্নতি লাভ করেছে। গবেষণা কার্যক্রমের ভিত্তিতে বিশ্ব গবেষকদের মধ্যে গোবিপ্রবির অবস্থান ২% থেকে কমে দাঁড়িয়েছে ১.২২%-এ। পাশাপাশি, বিশ্ববিদ্যালয়ের জাতীয় পজিশন এখন ১৭তম এবং আন্তর্জাতিক পজিশন ২১৭৬। বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন, চলমান গবেষণার ধারা অব্যাহত থাকলে ২০২৪ ও ২০২৫ সালের রেকর্ড যুক্ত হওয়ার পর, ২০২৬-২০২৭ সালের ScholarGPS® র‍্যাংকিংয়ে গোবিপ্রবি বিশ্বের শীর্ষ ০.৫% গবেষণা প্রতিষ্ঠানের তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে। একইসঙ্গে, ফার্মেসি বিভাগ তখনও বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে সফল বিভাগ হিসেবে বিবেচিত হবে বলে আশাবাদ ব্যক্ত করা হচ্ছে।

ফার্মেসি বিভাগের এমন সফলতায় বিভাগের সভাপতি ড. মোহাম্মদ তরিকুল ইসলাম এক প্রতিক্রিয়ায় জানান, আমারতো শুরু থেকেই এমনটা ইচ্ছা ছিল যে, আমার বিভাগটা হবে দেশের মধ্যে একটা সেরা বিভাগ। এটা আলাদা একটা পরিচিতি নিয়ে গড়ে উঠবে। এই নিউজটা দেখতে পেয়ে আমার খুবই ভালো লাগছে, আমি খুবই আনন্দিত। তবে উল্লেখ্য এই নিউজটা কিন্তু ২০২৩ সালের আমাদের যে গবেষণাসমূহ রয়েছে, সেটাকে মূল্যায়ন করে এখন সেটা প্রকাশিত হয়েছে। তিনি আরও বলেন, এরপরে পরবর্তীতে যেটা পাবলিক হবে ২০২৪ এবং ২০২৫, সেখানে আমাদের বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং আরও এগিয়ে আসবে বলে আমি বিশ্বাস করি।